# সকল বোর্ড-২০১৮

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ 'ক' রাষ্ট্রের মূল দলিলে রাষ্ট্রের বেশিরভাগ বিষয় চুক্তি, চার্টার ও পূর্ব প্রচলিত রীতি-নীতিগুলো স্থান পেয়েছে। অন্যদিকে, 'খ' রাষ্ট্রের মূল দলিলটির বিষয়বস্তু সুস্পষ্ট ও সহজ ভাষায় রচিত। এতে জনগণের মৌলিক অধিকারগুলো উল্লেখ রয়েছে।

ক. সংসদীয় সরকার ব্যবস্থার পুনঃপ্রবর্তন করা হয় বাংলাদেশ সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে? ১

খ. রাষ্ট্রের সর্বোচ্চ আইন কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. 'ক' রাষ্ট্রে কোন ধরনের সংবিধান রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'খ' রাষ্ট্রের মূল দলিলকে কি উত্তম সংবিধান বলা যায়? যুক্তি দাও। ৪

**২.** ▶

| সাল | আন্দোলন | ফলাফল |
|---|---|---|
| ১৯৫২ | 'ক' | জাতীয়তাবাদের উদ্ভব |
| ১৯৬৬ | 'খ' | মুক্তির সনদ, স্বাধীনতা অর্জন |

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১

খ. 'দ্বি-জাতি তত্ত্ব' বলতে কী বোঝায়? ২

গ. 'ক' নির্দেশিত আন্দোলন কীভাবে জাতীয়তাবাদের উদ্ভব ঘটায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'খ' আন্দোলনের মধ্যেই আমাদের স্বাধীনতার বীজ নিহিত"—উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**৩.** ▶ হাবিব নবম শ্রেণির মানবিক শাখার একজন ছাত্র। তার একটি পাঠ্যপুস্তকে মানুষের আচরণ, দায়িত্ব ও কর্তব্য, অধিকার, রাষ্ট্র ও সংবিধান ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়েছে। বিষয়টি অধ্যয়নের মাধ্যমে তার মধ্যে

Teachingbd24.com

নাগরিক সচেতনতাবোধ জাগ্রত হয়। সে আরো উপলব্ধি করল যে, বিভিন্ন নাগরিক সমস্যার সমাধান বিষয়টির মধ্যে নিহিত।

ক. সামাজিক চুক্তি মতবাদের মূলকথা কী? ১

খ. সরকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে যে পাঠ্যপুস্তকের কথা বলা হয়েছে, তার উৎপত্তিগত দিক ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে উল্লিখিত বিষয়টি নাগরিক সমস্যার সমাধানে সহায়ক"—তুমি কি একমত? যুক্তি দাও। ৪

**৪.▶** বিবিসির সংলাপ অনুষ্ঠানে দেশের বিদ্যমান বিদ্যুৎ সমস্যা, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ইত্যাদি বিষয়ে নাগরিকরা তাদের মতামত ব্যক্ত করেন। উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারীগণ সরকারের নানাবিধ বিষয় নিয়ে গঠনমূলক সমালোচনা করেন।

ক. সাম্য কাকে বলে? ১

খ. স্বাধীনতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে গণতন্ত্রের কোন গুণটি ফুটে উঠেছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. গণতন্ত্রকে সফল করার ক্ষেত্রে উদ্দীপকে উল্লিখিত গুণটিই কি যথেষ্ট? যুক্তি দাও। ৪

**৫.▶** সকল গণতান্ত্রিক রাষ্ট্রে কতকগুলো সংগঠন থাকে। রফিক সাহেব একটি সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য। তিনি অন্যান্য সদস্যদের নিয়ে সংগঠনের আদর্শ ও কর্মসূচি ঘোষণা করেন। তার সংগঠনটি দেশের বিদ্যমান সমস্যা চিহ্নিত করে এবং সেইগুলো সমাধানের লক্ষ্যে জনগণের সমর্থন আদায়পূর্বক নির্বাচনে জয়লাভের মাধ্যমে সরকার গঠন করে।

ক. সংবিধানের কত নং অনুচ্ছেদে নির্বাচন কমিশনের কথা উল্লেখ রয়েছে? ১

খ. 'এক ব্যক্তি এক ভোট'— ব্যাখ্যা কর। ২

গ. জনাব রফিক কোন সংগঠনের সদস্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. গণতন্ত্রের বিকাশ সাধনে উদ্দীপকে উল্লিখিত সংগঠনটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

**৬.▶** মি. করিম বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত। ২০১৫ সালে তিনি একটি আন্তর্জাতিক সংস্থার অধীনে গোলযোগপূর্ণ সুদানে শান্তি রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। অন্যদিকে, মি. পলাশ বেসামরিক নাগরিক হওয়া সত্ত্বেও

Teachingbd24.com

https://teachingbd24.com

অন্য একটি আন্তর্জাতিক সংস্থায় মহাসচিব পদে দায়িত্ব পালন করেন। সংস্থাটি বাংলাদেশে মুক্তিযুদ্ধকালীন সরকারের পক্ষে জনমত সৃষ্টিতে কাজ করেছে।

ক. 'SAARC' এর পূর্ণরূপ লেখ। ১

খ. অর্থনৈতিক ও সামাজিক পরিষদের কার্যাবলি ব্যাখ্যা কর। ২

গ. মি. করিম কোন আন্তর্জাতিক সংস্থার অধীনে কর্মরত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. পলাশ যে আন্তর্জাতিক সংস্থার মহাসচিব তার সাথে বাংলাদেশের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৭.▶ জনাব জামাল ও সেলিনা দম্পতির এক ছেলে এক মেয়ে। তারা কঠোর পরিশ্রমের মাধ্যমে সন্তানদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলেন। ছেলেমেয়ে উভয়েই বর্তমানে সরকারি চাকরিতে নিয়োজিত। তারা এখন বাবা মাকে পরিবারের সচ্ছলতা আনয়নে সহায়তা করেন। অপরদিকে, জনাব সালাম স্থানীয় ও জাতীয় পরিষদ নির্বাচনে পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যদের নিয়ে সৎ ও যোগ্য প্রার্থীকে ভোট প্রদান করেন।

ক. সমাজ কাকে বলে? ১

খ. রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত প্রাচীন মতবাদটি বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে জনাব জামাল ও সেলিনা দম্পতি পরিবারের কোন কাজটি সম্পন্ন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব সালামের কাজটি প্রতিটি পরিবারের জন্য অনুসরণীয় — বিশ্লেষণ কর। ৪

৮.▶ জনাব মোমিন ও মি. জন তাদের সংবিধান নিয়ে আলোচনা করছিলেন। মি. জন বলেন, "আমাদের দেশে কতকগুলো রীতি পূর্ব থেকেই বিদ্যমান ছিল। জনগণ ও শাসক উভয়েই তা মেনে চলত। রাষ্ট্রের প্রয়োজনে শাসক কর্তৃক বিধি জারি করা হত এবং তা জনগণ মেনে চলত।" অপরদিকে, জনাব মোমিন বলেন, "আমাদের সংবিধান একটি পরিষদের মাধ্যমে প্রণীত হয় এবং এতে জনগণের মতামতকে প্রাধান্য দেয়া হয়।"

ক. বাংলাদেশের সংবিধানের পঞ্চদশ সংশোধনী কখন গৃহীত হয়? ১

খ. সংবিধানের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. মি. জন এর দেশের সংবিধান প্রণয়ন পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. জনাব মোমিনের দেশের সংবিধানকে কি উত্তম সংবিধান বলা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৯. ▶ 'ক' দেশের একটি স্থানীয় সংস্থার নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক মতাদর্শের প্রার্থীরা অংশগ্রহণ করেন। উক্ত নির্বাচনের প্রার্থীগণ নির্বাচনি আচরণবিধি মেনে চলেন। নির্বাচনটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি সাংবিধানিক সংস্থা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে। নির্বাচনের ফলাফল সকল প্রার্থীই সন্তুষ্টচিত্তে মেনে নেন।

ক. নির্বাচন কাকে বলে? ১

খ. পরোক্ষ নির্বাচন পদ্ধতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন সাংবিধানিক সংস্থার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের সংগঠনই গণতন্ত্রকে গতিশীল করে"— বিশ্লেষণ কর। ৪

১০. ▶ রহমান সাহেব ও সেলিম সাহেব দুজনেই প্রতিষ্ঠিত চাল ব্যবসায়ী। তারা বিদেশ থেকে ৩৫ টাকা কেজি দরে চাল আমদানি করেন। উক্ত চাল যখন দেশে পৌঁছায় তখন দেশীয় বাজারে ঐ ধরনের চাল ৫৫ টাকা কেজি দরে বিক্রি হয়। সেলিম সাহেব বাজারে প্রচলিত দামেই চাল বিক্রি শুরু করেন। কিন্তু রহমান সাহেব তার চালগুলো ৪০ টাকা দরে বিক্রি করেন। পরবর্তীতে রহমান সাহেবকে অনুসরণ করে সেলিম সাহেবও দাম কমিয়ে দেন।

ক. নাগরিক কাকে বলে? ১

খ. দ্বৈত নাগরিকতা বলতে কী বোঝায়? ২

গ. রহমান সাহেবের মধ্যে সুনাগরিকের কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুনাগরিকের যে গুণটি সেলিম সাহেবকে প্রভাবিত করেছে, তার গুরুত্ব মূল্যায়ন কর। ৪

১১. ▶ সাবিনার দেশের সরকার জনগণের দ্বারা নির্বাচিত নয়। সে দেশে একটিমাত্র রাজনৈতিক দল বিদ্যমান এবং সরকার প্রধানের আদেশই আইন। অপরদিকে, মহসিনের দেশের সরকার জনগণের ভোটে নির্বাচিত এবং তাঁর কাজের জন্য জনগণের কাছে জবাবদিহি করে।

ক. কল্যাণমূলক রাষ্ট্র কাকে বলে? ১

খ. সংসদীয় সরকার ব্যবস্থা বলতে কী বোঝায়? ২

গ. সাবিনার রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মহসিনের রাষ্ট্রে অধিক নাগরিক সুবিধা বিদ্যমান"— তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট     পূর্ণমান — ৩০     বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কে সবচেয়ে যুক্তিযুক্ত ও গ্রহণযোগ্য মতবাদ কোনটি?**
(ক) ঐতিহাসিক  (খ) সামাজিক চুক্তি
(গ) বল প্রয়োগ  (ঘ) ঐশী

**২. কোন অধিকারের আইনগত ভিত্তি নেই?**
(ক) অর্থনৈতিক অধিকার  (খ) নৈতিক অধিকার
(গ) সামাজিক অধিকার  (ঘ) রাজনৈতিক অধিকার

**৩. রাষ্ট্রের প্রতি আনুগত্য বলতে বোঝায়—**
i. রাষ্ট্রের সংবিধানের প্রতি শ্রদ্ধা প্রদর্শন
ii. রাষ্ট্রের মূলনীতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন
iii. সততার সাথে ভোট প্রদান করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) ii ও iii
(গ) i ও iii  (ঘ) i, ii ও iii

**৪. ফৌজদারি আইন কোন ধরনের আইনের অন্তর্ভুক্ত?**
(ক) সরকারি আইন  (খ) বেসরকারি আইন
(গ) সাংবিধানিক আইন  (ঘ) আন্তর্জাতিক আইন

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:**
মি. 'ক' এমন একটি দেশের নাগরিক যেখানে ব্যক্তিমালিকানায় মিল-কারখানা পরিচালিত হয় এবং ভোগের ক্ষেত্রেও স্বাধীনতা থাকে। অন্যদিকে মি. 'খ' যে দেশের নাগরিক সে দেশে ব্যক্তিস্বাতন্ত্র্যকে স্বীকার করা হয় না এবং একটিমাত্র রাজনৈতিক দল থাকে।

**৫. অনুচ্ছেদে বর্ণিত মি. 'ক' এর দেশটি কোন ধরনের রাষ্ট্র?**
(ক) জনকল্যাণমূলক  (খ) সমাজতান্ত্রিক
(গ) পুঁজিবাদী  (ঘ) একনায়কতান্ত্রিক

**৬. অনুচ্ছেদে মি. 'খ' এর দেশে কোনটি গড়ে উঠার সুযোগ থাকে না?**
(ক) রাজনৈতিক সচেতনতা
(খ) নিয়ন্ত্রিত গণমাধ্যম
(গ) স্বেচ্ছাচারী শাসন ব্যবস্থা
(ঘ) বিপ্লবের সম্ভাবনা

**৭. অলিখিত সংবিধানের বৈশিষ্ট্য হলো—**
i. যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থার উপযোগী
ii. প্রগতির সহায়ক হয়ে থাকে
iii. বিপ্লবের সম্ভাবনা কমায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) ii ও ii
(গ) i ও iii  (ঘ) i, ii ও iii

**৮. বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর স্তর কয়টি?**
(ক) ৫  (খ) ৪
(গ) ৩  (ঘ) ২

**৯. জনসংখ্যা সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলো হলো—**
i. শ্রমিকের দক্ষতা বৃদ্ধি করে বিদেশে প্রেরণ করা
ii. আইনের যথাযথ প্রয়োগের ব্যবস্থা করা
iii. জনগণের জীবনমান বৃদ্ধি করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) ii ও ii
(গ) i ও iii  (ঘ) i, iii ও iii

**১০. বাংলাদেশ সংবিধানের বৈশিষ্ট্য কোনটি?**
(ক) বিপ্লবের মাধ্যমে প্রতিষ্ঠিত
(খ) রীতিনীতির উপর প্রতিষ্ঠিত
(গ) সহজে পরিবর্তনযোগ্য
(ঘ) মৌলিক অধিকারের রক্ষক

**১১. রীমা এমবিবিএস পাস করে ডাক্তার হওয়ার ইচ্ছা পোষণ করে। রীমার ইচ্ছার বাস্তবায়ন করা কোন ধরনের স্বাধীনতা?**
(ক) রাজনৈতিক স্বাধীনতা  (খ) ব্যক্তিস্বাধীনতা
(গ) সামাজিক স্বাধীনতা  (ঘ) অর্থনৈতিক স্বাধীনতা

**১২. নিচের কোন দেশে নিরঙ্কুশ রাজতন্ত্র বিদ্যমান?**
(ক) যুক্তরাজ্য  (খ) যুক্তরাষ্ট্র
(গ) সৌদি আরব  (ঘ) জাপান

**১৩. ক্রমবিবর্তনের মাধ্যমে কোন দেশের সংবিধান গড়ে উঠেছে?**
(ক) ভারত  (খ) যুক্তরাজ্য
(গ) চীন  (ঘ) রাশিয়া

**১৪. নির্বাচন কমিশনের সাংবিধানিক দায়িত্ব কোনটি?**
(ক) স্বচ্ছ ব্যালট বাক্স সরবরাহ করা
(খ) জনগণকে ভোটদানে উৎসাহ প্রদান করা
(গ) সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের ব্যবস্থা করা
(ঘ) নির্বাচনকেন্দ্রে প্রার্থীদের প্রতিনিধি বাছাই করা

**১৫. মি. 'ক' সেনেগালের রাষ্ট্রদূত হিসেবে বাংলাদেশে এসেছেন। তিনি আনুষ্ঠানিকভাবে কার নিকট পরিচয়পত্র পেশ করবেন?**
(ক) রাষ্ট্রপতি  (খ) প্রধানমন্ত্রী
(গ) স্পিকার  (ঘ) পররাষ্ট্রমন্ত্রী

**১৬. বাংলাদেশের রাষ্ট্রপতির ন্যূনতম বয়স কত বছর হওয়া প্রয়োজন?**
(ক) ২০  (খ) ২৫
(গ) ৩০  (ঘ) ৩৫

Teachingbd24.com

১৭. **কমনওয়েলথ গঠনের প্রধান উদ্দেশ্য কোনটি?**
ক) আন্তর্জাতিক শান্তি-শৃঙ্খলা রক্ষা করা
খ) বৃটিশ উপনিবেশের স্বাধীন রাষ্ট্রগুলোর মধ্যকার সম্পর্ক রক্ষা করা
গ) বর্ণ বৈষম্য ও উপনিবেশবাদ সমূলে বিনাশ করা
ঘ) সদস্য রাষ্ট্রগুলোর ভৌগোলিক অখণ্ডতা রক্ষা করা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:**
মি. সাংহুয়া চীনের একজন খ্যাতনামা প্রকৌশলী। তিনি ঢাকা-বুড়িগঙ্গা সেতু নির্মাণের প্রকৌশলী হিসেবে নিয়োগ পেয়ে পরিবারসহ প্রায় পঁচিশ বছর আগে বাংলাদেশে এসে বসবাস করছেন। তিনি এদেশে জমি ক্রয় করে বাড়ি তৈরি করেছেন। নিয়মনীতি অনুসরণপূর্বক এখন তারা পরিবারের সকলে বাংলাদেশের নাগরিক।

১৮. **মি. সাংহুয়া কোন সূত্রে বাংলাদেশের নাগরিকত্ব লাভ করেছেন?**
ক) জন্মনীতি খ) জন্মস্থান নীতি
গ) চাকুরীর সূত্রে ঘ) অনুমোদন সূত্রে

১৯. **মি. সাংহুয়ার বাংলাদেশের নাগরিকত্ব লাভের ক্ষেত্রে প্রযোজ্য হলো—**
i. সপরিবারে বসবাস ii. জমি ক্রয় করা
iii. স্থায়ীভাবে বসবাস করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও ii
গ) i ও iii ঘ) i, iii ও iii

২০. **কার সম্মতি ছাড়া কোনো অর্থ বিল সংসদে উত্থাপন করা যায় না?**
ক) প্রধানমন্ত্রী খ) রাষ্ট্রপতি
গ) মন্ত্রিপরিষদ ঘ) প্রধান বিচারপতি

২১. **সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত করা হয়েছে?**
ক) ত্রয়োদশ খ) চতুর্দশ
গ) পঞ্চদশ ঘ) ষোড়শ

২২. **নির্বাচন কমিশনারদের নিয়োগদান করেন কে?**
ক) রাষ্ট্রপতি খ) প্রধানমন্ত্রী
গ) প্রধান বিচারপতি ঘ) মন্ত্রিপরিষদ

২৩. **পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি সম্পাদিত হয় কত তারিখ?**
ক) ২ ডিসেম্বর ১৯৯৭
খ) ১২ ডিসেম্বর ১৯৯৭
গ) ২ ডিসেম্বর ১৯৯৮
ঘ) ১২ ডিসেম্বর ১৯৯৮

২৪. **নারীর ক্ষমতায়ন বলতে কোনটিকে বোঝায়?**
ক) দেশের সকল গুরুত্বপূর্ণ পদে নারীদের নিয়োগদান
খ) জাতীয় উন্নয়নে নারীদের সম্পৃক্তকরণ
গ) নারীদের দৈনিক কর্মঘণ্টা হ্রাসকরণ
ঘ) নারীদের জন্য পৃথক নির্বাচন ব্যবস্থা চালুকরণ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' দেশের অধিকাংশ লোক কৃষক হওয়ায় তারা প্রধান খাদ্য শস্য হিসেবে ধান চাষ করে। ফলে দেশের চালের ঘাটতি হয় না এবং চালের দাম সবসময় ক্রয় ক্ষমতার মধ্যে থাকে।

২৫. **উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টির ইঙ্গিত রয়েছে?**
ক) আত্মসচেতনতা খ) আত্মকর্মসংস্থান
গ) খাদ্য নিরাপত্তা ঘ) কর্মমুখী শিক্ষা

২৬. **সম্পূর্ণ স্বাক্ষরতা আন্দোলন শুরু করে কোন মন্ত্রণালয়?**
ক) শিক্ষা মন্ত্রণালয়
খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গ) অর্থ মন্ত্রণালয়
ঘ) প্রাথমিক এবং গণশিক্ষা মন্ত্রণালয়

২৭. **আইনের শাসন বলতে কোনটিকে বোঝায়?**
ক) আইনের প্রাধান্য
খ) আইন প্রয়োগে কঠোরতা
গ) আইনবিদদের শাসন
ঘ) সামরিক শাসন

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**
মিতালী সংঘের সভাপতি পদে নির্বাচনে বিল্লাল ও বিপ্লব উভয়েই প্রার্থী। কমিটি গঠনকল্পে উপস্থিত সদস্যগণ তর্কে না জড়িয়ে ঐক্যমত সৃষ্টির প্রয়াস চালান। এতে এক পর্যায়ে উপস্থিত সকলে দুই প্রতিনিধির সমর্থনে হাত উঠালে বিপ্লবের পক্ষে বেশি সমর্থন হওয়ায় সে সভাপতি নির্বাচিত হয়।

২৮. **বিপ্লবের সভাপতি নির্বাচিত হওয়ার ক্ষেত্রে ভোটদানের কোন পদ্ধতি অনুসরণ করা হয়েছে?**
ক) প্রত্যক্ষ খ) পরোক্ষ
গ) প্রকাশ্য ঘ) গোপন

২৯. **মিতালী সংঘের নির্বাচনকে গণতান্ত্রিক বলার কারণ হলো—**
i. সংখ্যাগরিষ্ঠের মতামতের প্রতিফলন
ii. সাধারণ সদস্যদের ইচ্ছার প্রতিফলন
iii. প্রার্থীদের গণতান্ত্রিক মনোভাবের প্রতিফলন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. **খাদ্য নিরাপত্তার জন্য কোনটি দরকার?**
ক) পর্যাপ্ত খাদ্যের মজুদ
খ) পর্যাপ্ত খাদ্যের উৎপাদন
গ) পর্যাপ্ত খাদ্যের যোগান
ঘ) সঠিক খাদ্য নীতি

Teachingbd24.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |